
যুগান্তর

তারিখ ... 26 APR 2017
পৃষ্ঠা 20 কলাম 7



হামলার শিকার ছাত্রী নিশি কর

# বাল্যবিয়েতে রাজি না হওয়ায় স্কুলছাত্রীকে পিটিয়ে আহত

## আগৈলঝাড়ায় কথিত পাত্র আটক

**আগৈলঝাড়া প্রতিনিধি**

বাল্যবিয়েতে রাজি না হওয়ায় বরিশালের আগৈলঝাড়ায় এক স্কুলছাত্রীসহ তার মা ও বোনকে পিটিয়ে গুরুতর আহত করা হয়েছে। তাদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহত দুই বোন উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে অভিযোগ দিতে আসার পথে তাদের জোরপূর্বক তুলে নিতে আসে কথিত পাত্র অমল সরকার। পুলিশ খবর পেয়ে অমলকে আটক করে থানায় নিয়ে যায়। উপজেলার রত্নপুর ইউনিয়নের বারপাইকা গ্রামের নিপুল করের মেয়ে

■ পৃষ্ঠা ১৫ : কলাম ৪

## বাল্যবিয়েতে রাজি না হওয়ায় স্কুলছাত্রীকে

(শেষ পৃষ্ঠার পর)

নিশি কর চলতি বছরের এসএসসি পরীক্ষার্থী। চাচা বিপুল কর জোরপূর্বক একই উপজেলার মোল্লাপাড়া গ্রামের আদিত্য সরকারের ছেলে অমল সরকারের সঙ্গে নিশির বিয়ে ঠিক করে। আগামী বৃহস্পতিবার বিয়ের দিন ধার্য ছিল। নিশি বিয়েতে রাজি না হওয়ায় সোমবার রাতে তার চাচা বিপুল কর ও রনি কর তাকে মারধর করে। এ সময় বাধা দিতে গেলে মা অনিতা কর, বোন নবম শ্রেণীর ছাত্রী ঈশিতা করকেও পিটিয়ে আহত করে তারা। রাতেই নিশি, অনিতা, ঈশিতাকে হাসপাতালে ভর্তি করা হয়। আহত নিশি ও ঈশিতা মঙ্গলবার সকালে আগৈলঝাড়া প্রেস ক্লাবে এসে সাংবাদিকদের কাছে ঘটনার বর্ণনা দেন।

পরে উপজেলা নির্বাহী কর্মকর্তা গাজী তারিক সালমনের কার্যালয়ে যাওয়ার পথে কথিত পাত্র অমল সরকার তার সঙ্গে থাকা লোকজন নিয়ে নিশিকে তুলে নিতে চাইলে তার চিৎকারে স্থানীয়রা এগিয়ে এসে পুলিশে সংবাদ দেয়। আগৈলঝাড়া থানার এসআই মোশারফ হোসেন অমলকে আটক করে থানায় নিয়ে যান। তিনি বলেন, নিশি বা তার পরিবার অভিযোগ করলে আটক অমলের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............................
তারিখ...............................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর